গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৮

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ২৩

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ........ ২৪

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২৫

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বিগত তিন বছরে বিভিন্ন গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে টেকসই দারিদ্র্য বিমোচন ও জীবিকায়ন উন্নয়নে নতুন নতুন কৌশল উদ্ভাবন ও তা বাস্তবায়ন করে আসছে। এজন্য দেশব্যাপী বিভিন্ন ধরনের সমবায় কার্যক্রম জোরদার ও সম্প্রসারণ করা হয়েছে। দারিদ্র্য বিমোচনের পাশাপাশি জনসাধারণের পুষ্টি চাহিদা পূরণের জন্য দুগ্ধ ঘাটতি জেলায় দুগ্ধ সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ, হতদরিদ্র পরিবার-কে ক্ষুদ্র ঋণের আওতায় গরু প্রদানসহ বিভিন্ন আত্ম-কর্মসংস্থানমূলক প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করার কার্যক্রম অব্যাহত রয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ৪৩৯০ টি সমিতি/অনানুষ্ঠঅনিক দল গঠন, ১০.০৮ লক্ষ জনকে প্রশিক্ষণ প্রদান, ২৮.৯০ লক্ষ জনের আত্মকর্মসংস্থান সৃজন, ২১.৭১ লক্ষ জনকে আত্ম-কর্মসংস্থানের নিমিত্ত ১০,০১৫.১৯ কোটি টাকা ক্ষুদ্র ঋণ প্রদান এবং ১২৯ টি গবেষণা ও প্রায়োগিক গবেষণা সম্পাদন করা হয়েছে। পল্লী উন্নয়নে অব্যাহত গবেষণার ধারাবাহিকতায় দেশের বিভিন্ন প্রান্তিক এলাকায় সেচ ও পানি ব্যবস্থাপনা, বীজ ও বায়োটেকনোলজি, কমিউনিটিভিত্তিক দেশি মুরগি পালন পদ্ধতি, জমিতে জৈবসারের ব্যবহার বৃদ্ধি, স্যানিটেশন ও বায়োগ্যাস প্রযুক্তি সম্প্রসারণ বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রথাগত ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় সুফলভোগীদের ক্ষুধামুক্ত করা সম্ভব হলেও সেবামূল্যের উচ্চ হার, কিস্তি পরিশোধের কঠিন শর্ত ও বাধ্যবাধকতার কারণে তাদেরকে দারিদ্র্যের দুষ্টচক্র হতে বের করা, দারিদ্র্যমুক্তি কার্যক্রমের বাইরে থাকা অতি দরিদ্র ও দরিদ্র শ্রেণির একটি বড় অংশকে দারিদ্র্য মুক্তি কার্যক্রমের আওতায় আনা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, সুফলভোগীদের উদ্বুদ্ধকরণ, উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ পরবর্তী সঠিক জীবিকায়নে নিয়োজিত করা, সৃজিত উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগ (মার্কেট লিংকেজ) তৈরি, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের সংরক্ষণ ও মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণ এ সময়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রধান প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দেশের পশ্চাৎপদ এলাকার দরিদ্র জনগোষ্ঠীর মধ্য হতে ২০২৪-২৫ থেকে ২০২৬-২৭ সাল পর্যন্ত ১০.৮১ লক্ষ জনের কর্মসংস্থান সৃজন এবং ৯.৪৬ লক্ষ জনকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি, স্মার্ট পল্লী গড়ার নিমিত্ত আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির যুবসমাজ/কর্মকর্তা/কর্মচারীর মধ্য হতে ৩৬৬৫ জনকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান, উদ্যোক্তাদের সংখ্যা বৃদ্ধি করে তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের নিমিত্তে ৪৩ টি অনলাইন এবং অফলাইনে মার্কেট লিংকেজ স্থাপন এবং এ সময়ের মধ্যে ৮৩টি গবেষণা ও ৬৪ টি প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক সমস্যা চিহ্নিতকরণ, সমাধান ও ফলাফল সম্প্রসারণ। বিভিন্ন কার্যকর সমবায় সমিতি/অনানুষ্ঠানিক দল গঠনের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে সমিতির ৫০ লক্ষ সদস্যের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য কমিয়ে আনাসহ সুবিধাভোগী সদস্যদের মধ্য হতে ৪৫% প্রশিক্ষিত নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১৪৮০ টি অনানুষ্ঠানিক দল গঠন;
- ১,৩৮,০০০ জনকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান;
- আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির ৩,৫৬,০০০ হাজার জন সদস্যকে আত্ম-কর্মসংস্থানে সহায়তা করা;
- আয়বর্ধনমূলক কর্মকান্ডে ৩,৬৪,০০০ জন মহিলা ১,৯৭,০০০ জন পুরুষকে নিয়োজিতকরণ;
- ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে ৬৬ কোটি টাকা মূলধন গঠন এবং ৩৩৮৩.১১ কোটি টাকা ঋণ বিতরণ;
- ২৫ টি গবেষণা, ২০ টি প্রায়োগিক গবেষণা সম্পাদন এবং ৩১ টি গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল প্রকাশ;
- স্মার্ট ভিলেজ গড়ার নিমিত্ত উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের ২০ টি অনলাইনে এবং অফলাইনে মার্কেট লিংকেজ স্থাপন; এবং
- ১১৮০০ নারী সুফলভোগীদের সক্ষমতা উন্নয়ন;

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২৪ সালের ...জুলাই... মাসের ......১৫...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা বিনির্মাণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

পল্লী উন্নয়নে সমবায়ভিত্তিক কার্যক্রম পরিচালনা এবং অব্যাহত গবেষণার মাধ্যমে পল্লী অঞ্চলে সুসমন্বিত উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ও দেশের দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন।
২. পল্লী উন্নয়নে নীতি-কাঠামো শক্তিশালীকরণ।
৩. পল্লী ও শহর অঞ্চলে দক্ষ মানবসম্পদ সৃষ্টি।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. পল্লী উন্নয়নভিত্তিক নীতিমালা, সমবায় আইন ও বিধি এবং তৎসংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন;
২. এ বিভাগের উপর ন্যস্ত দারিদ্র্য বিমোচন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন;
৩. পল্লী উন্নয়নভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন এবং এই সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে সমন্বয় সাধন;
৪. ক্ষুদ্র ঋণ, কৃষি ঋণ, ক্ষুদ্র সঞ্চয়, সমবায়ভিত্তিক ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপন, সমবায় ব্যাংকিং, সমবায় বীমা, সমবায়ী কৃষি খামার, সমবায়ী বাজার, দুগ্ধ সমবায় ও অন্যান্য সমবায় প্রতিষ্ঠান গড়ে তোলার মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নে সহায়তাকরণ;
৫. সমবায়ী সদস্যদের জন্য মানব সম্পদ উন্নয়ন, শিক্ষা, প্রশিক্ষণ এবং পল্লী উন্নয়ন ও সমবায়ভিত্তিক গবেষণা;
৬. প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন কৌশল ও মডেল উদ্ভাবন এবং সম্প্রসারণ;
৭. সমবায় সমিতির মাধ্যমে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠন করে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন;
৮. বিসিএস (সমবায় ক্যাডার), এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থা যথা: সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ ইত্যাদি প্রতিষ্ঠানের প্রশাসনিক কার্যাদি;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| সমবায় কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে ১৫৮.০০ লক্ষ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন | [১.৩.১] | জন (লক্ষ) | ১৪৪.৬৮ | ১৪৭.১৯ | ১৫৪.৩৪ | ১৫৫ | ১৫৬ | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, পিডিবিএফ এবং এসএফডিএফ | রূপকল্প ২০৪১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা,জাতীয় পল্লী উন্নয়ন নীতি ২০০১ এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি। |
| ২০৩০ সালের মধ্যে নিবন্ধিত /গঠিত অনানুষ্ঠানিক সমিতি/দলের ৫০ লক্ষ সদস্যের আত্ম-কর্মসংস্থান সৃজন | [১.৪.১] | জন (লক্ষ) | ৩৬.৬২৫ | ৩৭.২২৮ | ৪০.৭৮৮ | ৪২.৫০ | ৪৪.৫০ | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, আরডিএ, পিডিবিএফ এবং এসএফডিএফ | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা,টেকসই উন্নয়ন অভীষ্ট এবং জাতীয় পল্লী উন্নয়ন নীতি ২০০১। |
| সুবিধাভোগী সদস্যদের মধ্য হতে ২০৩০ সালের মধ্যে ৪৫% নারীর ক্ষমতায়ন | ১.৫.১ | % | ৪০.০৯৭ | ৪০.৭৬২ | ৪৪.৪০ | ৪১.৬৪ | ৪১.৮২ | বিআরডিবি,বার্ড,পিডিবিএফ এবং এসএফডিএফ | রূপকল্প ২০৪১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, জাতীয় পল্লী উন্নয়ন নীতি ২০০১ এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি। |
| ২০৩০ সালের মধ্যে ৫৫ লক্ষ দক্ষ জনবল সৃজন | [৩.৩.১],[৩.৪.১],[৩.৫.১] | জন (লক্ষ) | ৪২.৮৪৬ | ৪৪.০৪৬ | ৪৫.৫২ | ৪৬.০২ | ৪৬.১৪৬ | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ এবং এসএফডিএফ | রূপকল্প ২০৪১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা,জাতীয় পল্লী উন্নয়ন নীতি ২০০১ এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি। |
| পল্লী উন্নয়নে উদ্ভাবিত কৌশলসমূহ ২০৩০ সালের মধ্যে মাঠ পর্যায়ে বিস্তৃতকরণ সম্প্রসারণ | [২.৫.১] এবং [২.৬.১] | সংখ্যা | ১২৮৫ | ১৩৩১ | ১৩৬১ | ১৩৭০ | ১৩৭৬ | বার্ড,আরডিএ এবং বাপার্ড | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, জাতীয় পল্লী উন্নয়ন নীতি ২০০১ এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীরআর্থ সামাজিক অবস্থার উন্নয়ন। | ২৬ | [১.১] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির মাধ্যমে জনগণকে সংগঠিতকরণ | [১.১.১] সমবায় সমিতি নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] গঠিত অনানুষ্ঠানিক সমিতি/দল | সমষ্টি | সংখ্যা | ২ | ১৪৩০ | ১৪৪০ | ১৪৮০ | ১৪৬০ | ১৪৪০ | | | ১৪৯০ | ১৫০০ |
| | | [১.২] সমবায় সমিতিসমূহ-কে শক্তিশালীকরণ | [১.২.১] নিরীক্ষাকৃত কার্যকর সমবায় সমিতি | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | | [১.২.২] এজিএম সম্পন্ন না হওয়া নিরীক্ষিত সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ৯০ | ৯০ | ৮৫ | | | | ৯২ | ৯৩ |
| | | | [১.২.৩] চিহ্নিত অকার্যকর সমবায় সমিতির বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৭০ | ৬০ | | | | | |
| | | [১.৩] ঋণ বিতরণ ও আদায় | [১.৩.১] বিতরণকৃত ঋণ গ্রহীতা | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ৭.৭৯ | ৬.৭৫ | ৭.১৫ | ৭.০০ | ৬.৭৫ | | | ৭.২০ | ৭.২৫ |
| | | | [১.৩.২] আদায়কৃত ঋণ | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৯৬ | ৯৬ | ৯৫ | | | | | ৯৬ | ৯৬ |
| | | [১.৪] আনুষ্ঠানিক সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক গ্রুপ/দলের সদস্যদের কর্মসংস্থান সৃজন | [১.৪.১] আত্মকর্মসংস্থানের সহায়তা প্রাপ্ত উপকারভোগী | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ৩.৩৯ | ৩.৪৬ | ৩.৫৬ | ৩.২৫ | | | | ৩.৬০ | ৩.৬৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] পল্লী জনগোষ্ঠীর আয়বর্ধনমূলক কার্যক্রম | [১.৫.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ৩.৫৮ | ৩.৫৬ | ৩.৬৪ | ৩.৫০ | | | | ৩.৭০ | ৩.৭৪ |
| | | | [১.৫.২] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ১.৮৩ | ১.৯১ | ১.৯৭ | ১.৮০ | | | | ১.৯৮ | ১.৯৯ |
| | | [১.৬] সমিতির সদস্যদের জন্য মূলধন গঠন | [১.৬.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধন | সমষ্টি | টাকা (কোটি) | ২ | ৪৩.৫০ | ৬৫ | ৬৬ | ৬৩ | | | | ৬৮ | ৭২ |
| | | [১.৭] উপকারভোগী দল/সমিতি কর্তৃক উৎপাদিত অকৃষিজ পণ্য বাজারজাতকরণ | [১.৭.১] বিপণনকৃত অকৃষি পণ্য | সমষ্টি | টাকা (লক্ষ) | ১ | ২৩০ | ২৪০ | ২৪৫ | ২৩৫ | | | | ২৫০ | ২৫৫ |
| | | | [১.৭.২] উদ্যোক্তাদের প্রস্তুতকৃত পণ্যের বাজারজাতকরণে অনলাইন/অফলাইন মার্কেট লিংকেজ স্থাপন | সমষ্টি | সংখ্যা | ১ | | ২৪ | ২০ | ১৮ | | | | ২৫ | ৩০ |
| | | [১.৮] কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র নির্মাণ | [১.৮.১] নির্মিত কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৮ | ৭ | ৬ | ৫ | | | |
| | | | [১.৮.২] লীজকৃত/চালুকৃত প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৬.২৫ | | | | | | |
| | | [১.৯] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতি/দল সদস্যদের উন্নয়নে দপ্তর/সংস্থার গৃহীত কার্যক্রম পরিদর্শন | [১.৯.১] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতি/দল এর সদস্যদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে প্রদত্ত ঋণ, প্রশিক্ষণ, আত্মকর্মসংস্থান ও আয়বর্ধনমূলক কার্যক্রম কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত | সমষ্টি | সংখ্যা | ১ | | ২০ | ১৮ | ১৫ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | | [১.৯.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহের মধ্যে ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নযোগ্য সুপারিশ নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ৮০ | ১০০ | ৯০ | | | | | |
| [২] পল্লী উন্নয়নে নীতি-কাঠামো শক্তিশালীকরণ। | ২৩ | [২.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন | [২.১.১] শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর আইন অনুমোদন/পাশের জন্য মহান জাতীয় সংসদে প্রেরিত | তারিখ | তারিখ | ৩ | | | ৩০.০৬.২৫ | | | | | | |
| | | | [২.১.২] সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী পদায়ন নীতিমালা-২০০৮ হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৬.২৫ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএম কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২৪ প্রণীত | তারিখ | তারিখ | ২ | | | ৩১.১২.২৪ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.৪] পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা কর্মচারীদের শূণ্য পদ পূরণে লিখিত পরীক্ষা গ্রহণ | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৬.২৫ | | | | | | |
| | | [২.২] রাজস্ব আদায় নিশ্চিতকরণ এবং অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.২.১] এমটিবিএফ লক্ষ্যমাত্রা অনুযায়ী ননট্যাক্স রেভিনিউ আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | | | | |
| | | | [২.২.২] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | | | | |
| | | [২.৩] টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ | [২.৩.১] টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত নতুন প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১৪ | ১২ | ১০ | | | ১২ | ১৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.৪.১] কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত উন্নয়ন প্রকল্প | সমষ্টি | সংখ্যা | ১ | | ২০ | ২৪ | ২০ | | | | ৩৫ | ৪০ |
| | | | [২.৪.২] উন্নয়ন প্রকল্প পরিদর্শন প্রতিবেদনের সুপরিশসমুহের মধ্যে ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নযোগ্য সুপারিশ নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ৮০ | ১০০ | ৯০ | ৮০ | | | ৯২ | ৯৫ |
| | | [২.৫] পল্লী উন্নয়নে গবেষণা ও প্রায়োগিক গবেষণা সম্পাদন | [২.৫.১] সম্পাদিত গবেষণা | সমষ্টি | সংখ্যা | ২ | | ২৩ | ২৫ | ২০ | | | | ২৮ | ৩০ |
| | | | [২.৫.২] সম্পাদিত প্রায়োগিক গবেষণা | সমষ্টি | সংখ্যা | ২ | | ২২ | ২০ | ১৯ | ১৮ | ২২ | ২৪ | | |
| | | [২.৬] প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফলের প্রচার/বিস্তার | [২.৬.১] গবেষণা ও প্রায়োগিক গবেষণার প্রকাশিত ফলাফল | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩২ | ৩১ | ২৮ | | | | ৩৫ | ৩৬ |
| | | [২.৭] পল্লী উন্নয়নে উদ্ভাবিত মডেল সম্প্রসারণ | [২.৭.১] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মিত | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৬.২৫ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] পল্লী ও শহর অঞ্চলে দক্ষ মানবসম্পদ সৃষ্টি। | ২১ | [৩.১] কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [৩.১.১] নবম ও তদুর্ধ গ্রেডের কর্মচারীদের জন্য সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন | সমষ্টি | সংখ্যা | ১ | | ৬ | ৬ | ৫ | | | | ৭ | ৮ |
| | | | [৩.১.২] নবম ও তদুর্ধ গ্রেডের কর্মচারীদের জন্য আয়োজিত সেমিনার/কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ১ | | ৫ | ৫ | ৪ | | | | ৬ | ৭ |
| | | | [৩.১.৩] পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | তারিখ | তারিখ | ২ | | ৩০.০৬.২৪ | ৩০.০৬.২৫ | | | | | ৩০.০৬.২৬ | ৩০.০৬.২৭ |
| | | | [৩.১.৪] ৫ম হতে ২০ গ্রেডের কর্মচারীদের জন্য ৬০ ঘন্টা প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জন (ঘন্টা) | ২ | | | ৬০ | ৫০ | | | | | |
| | | [৩.২] নারী সুফলভোগীদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ | [৩.২.১] সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য মহিলা সমবায়ী/ মহিলা সমবায় সমিতিকে স্বীকৃতি /সম্মাননা প্রদান | তারিখ | তারিখ | ২ | | | ৩০.১১.২৪ | | | | | ৩০.০৬.২৬ | ৩০.০৬.২৭ |
| | | | [৩.২.২] বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যসম্মত উপকরণ বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে বিতরণকৃত | সমষ্টি | জন (সংখ্যা) | ২ | | ১১৮০০ | ১১৮০০ | ১১৬০০ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| | | | [৩.২.৩] বিদ্যালয়গামী কিশোরীদের সঞ্চয়কৃত অর্থের দ্বিগুণ হারে সঞ্চয় প্রণোদনা প্রদত্ত | সমষ্টি | টাকা (কোটি) | ২ | | ৫.৬৬ | ৫.০০ | | | | | | |
| | | [৩.৩] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির সদস্যদের উদ্বুদ্ধকরণ/ প্রশিক্ষণ | [৩.৩.১] আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে প্রশিক্ষিত জনবল | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ১.১৮ | ১.২৮ | ১.৩৮ | | | | | ১.৪৮ | ১.৫৮ |
| | | | [৩.৩.২] উদ্বুদ্ধকরণ কর্মকাণ্ডে প্রশিক্ষিত জনবল | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ২.৩৫ | ১.৮৮ | ১.৫৭ | | | | | ১.৬০ | ১.৬৩ |
| | | [৩.৪] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মচারী, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান | [৩.৪.১] প্রশিক্ষিত কর্মচারী, জনপ্রতিনিধি এবং এনজিওকর্মী | সমষ্টি | জন | ৩ | ৩৭৬৮ | ৭২৫০ | ৮৮৬০ | ৮৫০০ | | | | ৭৩৫০ | ৭৫০০ |
| | | [৩.৫] স্মার্ট পল্লী গঠনে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির যুবসদস্য/কর্মকর্তা-কর্মচারী-কে আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.৫.১] আইটি বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষিত আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির যুব সদস্য/কর্মকর্তা-কর্মচারী | সমষ্টি | জন | ২ | | | ৯৬৫ | ৯২০ | | | | ১৫০০ | ২০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ১৫.০৭.২০২৪<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ১৫.০৭.২০২৪<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইজিএ | ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ (আয়বর্ধনমূলক কার্যক্রম) |
| ২ | আরডিএ, বগুড়া | রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বগুড়া |
| ৩ | ইরেসপো (IRESPPW) | ইন্টিগ্রেটেড রুরাল এমপ্লয়মেন্ট সাপোর্ট প্রজেক্ট ফর দ্যা পুওর উইমেন |
| ৪ | এসএফডিএফ | স্মল ফার্মার্স ডেভেলপেমন্ট ফাউন্ডেশন |
| ৫ | পউসবি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৬ | পিডিবিএফ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ৭ | বাপার্ড, গোপালগঞ্জ | বঙ্গাবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এন্ড রুরাল ডেভেলপমেন্ট, গোপালগঞ্জ |
| ৮ | বার্ড, কুমিল্লা | বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভলপমেন্ট, কুমিল্লা |
| ৯ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির মাধ্যমে জনগণকে সংগঠিতকরণ | [১.১.১] সমবায় সমিতি নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২ শাখা এবং সমবায় অধিদপ্তর | সমবায় অধিদপ্তরের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [১.১.২] গঠিত অনানুষ্ঠানিক সমিতি/দল | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, বিআরডিবি, পিডিবিএফ এবং এসএফডিএফ | বিআরডিবি, পিডিবিএফ, এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [১.২] সমবায় সমিতিসমূহ-কে শক্তিশালীকরণ | [১.২.১] নিরীক্ষাকৃত কার্যকর সমবায় সমিতি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২, এবং সমবায় অধিদপ্তর | সমবায় অধিদপ্তর প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [১.২.২] এজিএম সম্পন্ন না হওয়া নিরীক্ষিত সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২ শাখা এবং সমবায় অধিদপ্তর | সভার নোটিশ, কার্যবিবরণী, সংস্থা প্রধান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [১.২] সমবায় সমিতিসমূহ-কে শক্তিশালীকরণ | [১.২.৩] চিহ্নিত অকার্যকর সমবায় সমিতির বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২ শাখা এবং সমবায় অধিদপ্তর | মহাপরিচালক, সমবায় অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রতিবেদন |
| [১.৩] ঋণ বিতরণ ও আদায় | [১.৩.১] বিতরণকৃত ঋণ গ্রহীতা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২ শাখা, আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, প্রতিষ্ঠান-১ ও প্রতিষ্ঠান-২ শাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং পরিকল্পনা-১,২,৩,৪,৫ এবং ৬ শাখা, সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ, পিডিবিএফ এবং এসএফডিএফ | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, পিডিবিএফ এবং এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [১.৩.২] আদায়কৃত ঋণ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২ শাখা, আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, প্রতিষ্ঠান-১ ও প্রতিষ্ঠান-২ শাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং পরিকল্পনা-১,২,৩,৪,৫ ও ৬ শাখা, সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ, পিডিবিএফ এবং এসএফডিএফ | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ, পিডিবিএফ এবং এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [১.৪] আনুষ্ঠানিক সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক গ্রুপ/দলের সদস্যদের কর্মসংস্থান সৃজন | [১.৪.১] আত্মকর্মসংস্থানের সহায়তা প্রাপ্ত উপকারভোগী | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২ শাখা, আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, প্রতিষ্ঠান-১ ও প্রতিষ্ঠান-২ শাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং পরিকল্পনা-১,২,৩,৪,৫ শাখা, সমবায় অধিদপ্তর, বিআরডিবি,আরডিএ,পিডিবিএফ এবং এসএফডিএফ | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, আরডিএ, পিডিবিএফ এবং এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.৫] পল্লী জনগোষ্ঠীর আয়বর্ধনমূলক কার্যক্রম | [১.৫.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১ ও প্রতিষ্ঠান শাখা-২, পরিকল্পপনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পপনা শাখা-১,২,৩,৪ ,৫, ৬, বিআরডিবি, বার্ড, পিডিবিএফ এবং এসএফডিএফ | বিআরডিবি, বার্ড, পিডিবিএফ, এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [১.৫.২] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১ ও প্রতিষ্ঠান শাখা-২, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা শাখা-১,২,৩,৪ ,৫, ৬, বিআরডিবি, বার্ড, পিডিবিএফ এবং এসএফডিএফ | বিআরডিবি, বার্ড, পিডিবিএফ, এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [১.৬] সমিতির সদস্যদের জন্য মূলধন গঠন | [১.৬.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-২, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা -৫ শাখা, পিডিবিএফ এবং এসএফডিএফ | পিডিবিএফ, এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান এবং এসএফডিএফ এর "রূপকল্প ২০৪১: দারিদ্র বিমোচনের ক্ষুদ্র যোজন প্রকল্প" এর প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র, অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট এবং পিএসসি, পিআইসি সভার কার্যবিবরণী। |
| [১.৭] উপকারভোগী দল/সমিতি কর্তৃক উৎপাদিত অকৃষিজ পণ্য বাজারজাতকরণ | [১.৭.১] বিপণনকৃত অকৃষি পণ্য | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা শাখা- ৪ এবং বিআরডিবি | বিআরডিবি এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [১.৭] উপকারভোগী দল/সমিতি কর্তৃক উৎপাদিত অকৃষিজ পণ্য বাজারজাতকরণ | [১.৭.২] উদ্যোক্তাদের প্রস্তুতকৃত পণ্যের বাজারজাতকরণে অনলাইন/অফলাইন মার্কেট লিংকেজ স্থাপন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১ ও প্রতিষ্ঠান শাখা-২ শাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা- ৪ ও ৬ শাখা এবং আরডিএ, বিআরডিবি | বিআরডিবি এবং আরডিএ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং " মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্য চরস (এমফোরসি)" প্রকল্পের প্রকল্প পরিচালক হতে প্রাপ্ত প্রত্যয়ন পত্র এবং পিএসসি, পিআইসি সভার কার্যবিবরণী। |
| [১.৮] কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র নির্মাণ | [১.৮.১] নির্মিত কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১ ও আরডিএ,বগুড়া | আরডিএ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং "কুড়িগ্রাম জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ" প্রকল্পের প্রকল্প পরিচালক হতে প্রাপ্ত প্রত্যয়ন পত্র এবং ছবি। |
| | [১.৮.২] লীজকৃত/চালুকৃত প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১ ও আরডিএ,বগুড়া | আরডিএ,বগুড়া, রংপুর ও জামালপুর এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র/ চুক্তি পত্রের কপি। |
| [১.৯] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতি/দল সদস্যদের উন্নয়নে দপ্তর/সংস্থার গৃহীত কার্যক্রম পরিদর্শন | [১.৯.১] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতি/দল এর সদস্যদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে প্রদত্ত ঋণ, প্রশিক্ষণ, আত্মকর্মসংস্থান ও আয়বর্ধনমূলক কার্যক্রম কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-১ শাখা এবং পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা-১ শাখা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তাবৃন্দ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন |
| [১.৯] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতি/দল সদস্যদের উন্নয়নে দপ্তর/সংস্থার গৃহীত কার্যক্রম পরিদর্শন | [১.৯.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহের মধ্যে ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নযোগ্য সুপারিশ নিষ্পত্তিকৃত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২ শাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা-১ শাখা এবং পরিদর্শিত প্রতিষ্ঠানের অফিস প্রধান | পরিদর্শিত দপ্তর/সংস্থা হতে পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন সম্পর্কিত পত্র |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন | [২.১.১] শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর আইন অনুমোদন/পাশের জন্য মহান জাতীয় সংসদে প্রেরিত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, প্রতিষ্ঠান-১ শাখা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [২.১.২] সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী পদায়ন নীতিমালা-২০০৮ হালনাগাদকৃত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, প্রশাসন-২, প্রতিষ্ঠান-১ শাখা এবং সমবায় অধিদপ্তর | প্রণীত নীতিমালার কপি |
| | [২.১.৩] এপিএম কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২৪ প্রণীত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ এবং প্রশাসন-১ শাখা | প্রণীত নীতিমালার কপি |
| [২.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন | [২.১.৪] পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা কর্মচারীদের শূণ্য পদ পূরণে লিখিত পরীক্ষা গ্রহণ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ এবং প্রশাসন-১ শাখা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন অনুবিভাগ হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [২.২] রাজস্ব আদায় নিশ্চিতকরণ এবং অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.২.১] এমটিবিএফ লক্ষ্যমাত্রা অনুযায়ী ননট্যাক্স রেভিনিউ আদায়কৃত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ এবং বাজেট অধিশাখা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন অনুবিভাগ হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [২.২.২] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ এবং বাজেট-১,২ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন অনুবিভাগ হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [২.৩] টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ | [২.৩.১] টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত নতুন প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরিত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং পরিকল্পনা-১ শাখা। | নতুন প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ সংক্রান্ত বিষয়ে এবিভাগের সংশ্লিষ্ট শাখা হতে জারীকৃত অনুমোদন পত্র। |
| [২.৪] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.৪.১] কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত উন্নয়ন প্রকল্প | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-১ শাখা এবং পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা-১ শাখা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তাবৃন্দ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন |
| | [২.৪.২] উন্নয়ন প্রকল্প পরিদর্শন প্রতিবেদনের সুপরিশসমুহের মধ্যে ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নযোগ্য সুপারিশ নিষ্পত্তিকৃত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-২ শাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা-১ শাখা | পরিদর্শিত প্রকল্পসমূহের বিষয়ে দাখিলকৃত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত প্রকল্প পরিচালকের পত্র |
| [২.৫] পল্লী উন্নয়নে গবেষণা ও প্রায়োগিক গবেষণা সম্পাদন | [২.৫.১] সম্পাদিত গবেষণা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১, সমবায় অধিদপ্তর, বার্ড এবং আরডিএ | সমবায় অধিদপ্তর, বার্ড এবং আরডিএ প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [২.৫.২] সম্পাদিত প্রায়োগিক গবেষণা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১, বার্ড,আরডিএ এবং বাপার্ড। | বার্ড, আরডিএ এবং বাপার্ড কর্তৃক প্রদত্ প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [২.৬] প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফলের প্রচার/বিস্তার | [২.৬.১] গবেষণা ও প্রায়োগিক গবেষণার প্রকাশিত ফলাফল | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিষ্ঠান শাখা-১, বার্ড, আরডিএ এবং বাপার্ড | বার্ড, আরডিএ এবং বাপার্ড কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৭] পল্লী উন্নয়নে উদ্ভাবিত মডেল সম্প্রসারণ | [২.৭.১] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মিত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অধিশাখা, প্রশাসন-২ শাখা, পরিকল্পনা শাখা-২ শাখা এবং সমবায় অধিদপ্তর | মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [৩.১] কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [৩.১.১] নবম ও তদুর্ধ গ্রেডের কর্মচারীদের জন্য সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন শাখা-১ | প্রশাসন ও বাজেট অনুবিভাগ প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [৩.১.২] নবম ও তদুর্ধ গ্রেডের কর্মচারীদের জন্য আয়োজিত সেমিনার/কর্মশালা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, এপিএ শাখা | এপিএ টিম লিডার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [৩.১] কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [৩.১.৩] পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন-১ | বিআরডিবি, পিডিবিএফ এবং এসএফডিএফ হতে প্রাপ্ত শ্রেষ্ঠ পুরুষ মাঠকর্মী/মাঠসংগঠকের তালিকা সংগ্রহ ও পর্যালোচনাপূর্বক এ সংক্রান্ত গঠিত কমিটির মাধ্যমে ২ জন শ্রেষ্ঠ মাঠ কর্মী (নারী+পুরুষ) নির্ধারণপূর্বক এ বিভাগ কর্তৃক প্রদত্ত সম্মাননার কপি, ছবি ইত্যাদি |
| | [৩.১.৪] ৫ম হতে ২০ গ্রেডের কর্মচারীদের জন্য ৬০ ঘন্টা প্রশিক্ষণ আয়োজিত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ, প্রশাসন শাখা-১। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অনুবিভাগ এর প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [৩.২] নারী সুফলভোগীদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ | [৩.২.১] সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য মহিলা সমবায়ী/ মহিলা সমবায় সমিতিকে স্বীকৃতি /সম্মাননা প্রদান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অধিশাখা, প্রশাসন শাখা-২ এবং সমবায় অধিদপ্তর | সমবায় অধিদপ্তর হতে প্রাপ্ত প্রত্যয়ন পত্র এবং স্বীকৃতি /সম্মাননা পত্র |
| | [৩.২.২] বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যসম্মত উপকরণ বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে বিতরণকৃত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা শাখা-৪ এবং বিআরডিবি | বিআরডিবি এর প্রধান এবং "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং পিএসসি, পিআইসি সভার কার্যবিবরণী |
| [৩.২] নারী সুফলভোগীদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ | [৩.২.৩] বিদ্যালয়গামী কিশোরীদের সঞ্চয়কৃত অর্থের দ্বিগুণ হারে সঞ্চয় প্রণোদনা প্রদত্ত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা শাখা-৪ এবং বিআরডিবি | বিআরডিবি এর প্রধান এবং "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং পিএসসি, পিআইসি সভার কার্যবিবরণী। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.৩] আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির সদস্যদের উদ্বুদ্ধকরণ/ প্রশিক্ষণ | [৩.৩.১] আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে প্রশিক্ষিত জনবল | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অধিশাখা, প্রশাসন-১ শাখা, আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১, প্রতিষ্ঠান শাখা-২, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা শাখা-১,২,৩,৪ ,৫, ৬, সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ এবং এসএফডিএফ | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| | [৩.৩.২] উদ্বুদ্ধকরণ কর্মকাণ্ডে প্রশিক্ষিত জনবল | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অধিশাখা, প্রশাসন-১ শাখা, আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১, প্রতিষ্ঠান শাখা-২, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা শাখা-১,২,৩,৪ ,৫, ৬, সমবায় অধিদপ্তর, বিআরডিবি, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ এবং এসএফডিএফ | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [৩.৪] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মচারী, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান | [৩.৪.১] প্রশিক্ষিত কর্মচারী, জনপ্রতিনিধি এবং এনজিওকর্মী | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অধিশাখা, প্রশাসন-১ শাখা, আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১, প্রতিষ্ঠান শাখা-২, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা শাখা-১,২,৩,৪ ,৫, ৬, বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড এবং এসএফডিএফ | বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড, এসএফডিএফ এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |
| [৩.৫] স্মার্ট পল্লী গঠনে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির যুবসদস্য/কর্মকর্তা-কর্মচারী-কে আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.৫.১] আইটি বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষিত আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমবায় সমিতির যুব সদস্য/কর্মকর্তা-কর্মচারী | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসন ও বাজেট অধিশাখা, প্রশাসন-১ শাখা, আইন ও প্রতিষ্ঠান অধিশাখা, প্রতিষ্ঠান শাখা-১, প্রতিষ্ঠান শাখা-২, সমবায় অধিদপ্তর,বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড | সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ এবং বাপার্ড এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং অর্জনের স্বপক্ষে দাখিলকৃত সামারিশীট |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ | টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত নতুন প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরিত | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশসহ পরিকল্পনা কমিশনে ডিপিপি প্রস্তাব প্রেরণ। |
| টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ | টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত নতুন প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরিত | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | জনবল,অর্থায়নের ধরনের জন্য অর্থ বিভাগে সুপারিশসহ পত্র প্রেরণ। |

## সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | রূপকল্প ২০৪১ | বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এর অধ্যায়-৪ (একটি দারিদ্র্যশূন্য দেশ) এবং রূপকল্প ২০৪১ এর পৃষ্ঠা নং-১৪ এর দারিদ্র্যশূন্য দেশ শিরোনামে উল্লিখিত বিষয়াদি। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ১.১, ১.২, ১.৩, ২.১, ২.৫,২.৬,২.৭,৩.১,৩.২,৩.৩,৩.৪। | |
| ২ | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উল্লিখিত পৃষ্ঠা নং: ৪৪৬,৪৫৫,৪৫৭,৪৫৮,৪৫৯,৪৬০ এবং ৪৬১। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ১.১, ১.২, ১.৩, ২.১, ২.৫,২.৬,২.৭,৩.১,৩.২,৩.৩,৩.৪। | |
| ৩ | এম টি বি এফ | মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে' প্রদত্ত রূপকল্প, অভিলক্ষ্য, Key Performance Indicator (KPI),উদ্দেশ্য ও সকল কার্যক্রম | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ১.১, ১.২, ১.৩, ২.১, ২.৫,২.৬,২.৭,৩.১,৩.২,৩.৩,৩.৪। | |
| ৪ | নির্বাচনী ইশতেহার ২০২৪ | নির্বাচনী ইশতেহার ২০২৪ এর অনুচ্ছেদ ৩.১ ডিজিটাল থেকে স্মার্ট বাংলাদেশে উত্তরণ; ৩.২ (ঘ) (জনকল্যাণমুখী, জবাবদিহিমূলক, দক্ষ ও স্মার্ট প্রশাসন); ৩.২ (জ) (স্থানীয় সরকার); ৩.৩ (ক) সামষ্টিক অর্থনীতি; ৩.৩ (খ) দারিদ্র্য বিমোচন ও বৈষম্য হ্রাস; ৩.৩ (ঘ) (তরুণ যুবসমাজ: 'তারুণ্যের শক্তি-বাংলাদেশের সমৃদ্ধি'); ৩.৩ (ঙ) কৃষি, খাদ্য ও পুষ্টি অনুচ্ছেদ; ৩.৪ (খ) শিক্ষা; ৩.৪ (ছ) (নারীর ক্ষমতায়ন); ৩.৪ (ঠ) অনগ্রসর জনগোষ্ঠী । | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ১.২, ১.৩, ১.৪, ১.৫, ১.৬, ১.৭, ১.৮, ২.১, ২.২, ২.৩, ২.৫, ২.৬, ২.৭, ৩.১, ৩.২, ৩.৩, ৩.৪ এবং ৩.৫। | |
| ৫ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা | টেকসই উন্নয়ন অভীষ্ট ১। সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান, লক্ষ্যমাত্রা ১.৩ এবং ১.৪ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ১.১, ১.২, ১.৩, ২.১, ২.৫,২.৬,২.৭,৩.১,৩.২,৩.৩,৩.৪। | |
| ৬ | মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি/পরিকল্পনা ২০০১ | জাতীয় পল্লী উন্নয়ন নীতি-২০০১ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ১.১, ১.২, ১.৩, ২.১, ২.৫,২.৬,২.৭,৩.১,৩.২,৩.৩,৩.৪। | |
| ৭ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির ক্রম নং-০৪, ০৫, ০৯, ১০, ১১, ১২, ১৫, ১৭ এবং ১৯। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ১.১, ১.৭, ২.১, ২.২, , ২.৩, ২.৪, ২.৫, ২.৬, ২.৭, ৩.১, ৩.২, ৩.৩, ৩.৪, এবং ৩.৫। | |
| ৮ | স্মাট বাংলাদেশ,২০৪১ | | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ৩.৫। | |

# সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ